

২০২১

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : DSE-B-3

(চরিতসাহিত্য, আত্মচরিত ও ভ্রমণসাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'চৈতন্যভাগবত' গ্রন্থের আদ্যলীলায় বৃন্দাবন দাস যে সমকালীন সমাজজীবনের চিত্র নির্মাণ করেছেন সংক্ষেপে তার বর্ণনা দাও। ১০
- অথবা,
- (খ) শ্রীচৈতন্যের অবতার হিসেবে আবির্ভূত হবার কারণগুলি চৈতন্যভাগবত অনুসারে নির্দেশ করো। ১০
- ২। (ক) ঠাকুরবাড়ির ছেলেদের সকাল থেকে রাত পর্যন্ত নানাধরনের শিক্ষালাভের যে-পরিচয় পাওয়া যায় 'জীবনস্মৃতি' গ্রন্থের 'নানা বিদ্যার আয়োজন' প্রবন্ধ অবলম্বনে তার পরিচয় দাও। ১০
- অথবা,
- (খ) জীবনস্মৃতি গ্রন্থ অবলম্বনে রবীন্দ্রনাথের ছেলেবেলায় জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে সাহিত্যের যে হাওয়া বইত তার পরিচয় দাও। ১০
- ৩। (ক) 'দেশে-বিদেশে' গ্রন্থে আফগানিস্তানের যে ছবি দেখা যায় যে সম্পর্কে একটা সম্যক ধারণা দেওয়ার চেষ্টা করো। ১০
- অথবা,
- (খ) সৈয়দ মুজতবা আলী 'দেশে-বিদেশে' গ্রন্থে যে মজা, কৌতুক এবং হাসির অবতারণা করেছেন তার পরিচয় দাও। ১০
- ৪। (ক) শ্রীচৈতন্যের নামকরণ বৃত্তান্ত বর্ণনা করো। ৫
- অথবা,
- (খ) 'চৈতন্যভাগবত' গ্রন্থের আদ্যলীলা অবলম্বনে 'দিগ্বিজয়ী উদ্ধার' প্রসঙ্গের গুরুত্ব কোথায়, বুঝিয়ে দাও। ৫
- ৫। (ক) জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে মহর্ষির উপস্থিতি সকলের মধ্যে কীরকম অবস্থার সৃষ্টি করত তা লেখো। ৫
- অথবা,
- (খ) 'এ বই আমি পড়িবই।'— কে, কাকে এবং কেন এই কথা বলছেন? বক্তা কীভাবে বইটি পড়েন লেখো। ২+৩

Please Turn Over

৬। (ক) সৈয়দ মুজতবা আলীর খাইবার পাস পেরোবার অভিজ্ঞতা বর্ণনা করো।

৫

অথবা,

(খ) হাওড়া স্টেশনে ফিরিঙ্গির সঙ্গে মুজতবা আলীর আলাপ হয় তার বিষয়ে লেখো।

৫

৭। টীকা লেখো (যে-কোনো একটি)।

৫×১

(ক) নিত্যানন্দ তত্ত্ব

(খ) জ্ঞানাকুর পত্রিকা

(গ) অধ্যাপক খুদাবখশ

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) সুবুদ্ধি রায় কে ছিলেন?

(খ) 'চৈতন্যভাগবত' গ্রন্থটির নাম পরিবর্তন করা হয় কেন?

(গ) 'চৈতন্যভাগবত'-এর আদিলীলায় কী কাহিনী বর্ণিত হয়েছে?

(ঘ) কোন কোন সূত্র থেকে বৃন্দাবনদাস চৈতন্যজীবনীর উপাদান সংগ্রহ করেন?

(ঙ) 'জীবনস্মৃতি' কবে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়েছিল?

(চ) 'বস্তুবিচার' ও 'মেঘনাদ বধ কাব্য' রবীন্দ্রনাথ কোন শিক্ষকের কাছে পড়েছিলেন?

(ছ) কে দাশু রায়ের পাঁচালি গাইতেন?

(জ) রবীন্দ্রনাথের যৌবনে কোন ঋতুর প্রাধান্য ছিল?

(ঝ) বাংলাদেশের আবহাওয়ার সঙ্গে পশ্চিমের আবহাওয়ার পার্থক্য কোনখানে?

(ঞ) সবল পাঠান এবং সুচতুর ইংরেজের কোথায় মিল দেখেছেন মুজতবা আলী?

(ট) লেখক আবদুর রহমানকে রবীন্দ্রনাথের কোন গল্প কোন ভাষায় তর্জমা করে শোনান?

(ঠ) কাবুলের শিক্ষামন্ত্রীর নাম কী ছিল? তাঁকে কে সহ্য করতে পারত না?

(ড) কাবুলে আমন উল্লাহ কোন দিনটিকে ছুটির দিন ঘোষণা করেন?

(ঢ) দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত কাব্যের নাম কী?

(ণ) নীলাম্বর চক্রবর্তীর পরিচয় দাও।